

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.২২.০০৫.২৫.২৯৭

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩৩  
০১ জুলাই ২০২৬

প্রজ্ঞাপন

বিষয় : 'প্রশাসনিক কর্মকর্তা' পদে পদোন্নতির প্রয়োজনীয় যোগ্যতা শিথিলকরণ।

সরকার, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮-এর বিধি-৮ এর বিধান অনুসারে উক্ত বিধিমালার তফসিলের ক অংশের ছকের ১নং কলামের ১নং ক্রমিকের বিপরীতে ২নং কলামে বর্ণিত 'প্রশাসনিক কর্মকর্তা' পদের বিপরীতে উক্ত ছকের ৫নং কলামে বর্ণিত যোগ্যতা এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে পরবর্তী ১ (এক) বৎসরের জন্য নিম্নরূপে শিথিল করিল :—

| ক্রমিক | বিদ্যমান ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা   | শিথিলক্রমে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা  |
|--------|--|---|
| ১।     | (ক) নাজির, হিসাব রক্ষক এবং রেকর্ড কীপার পদ হইতে পদোন্নতির ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে ২ (দুই) বছরের চাকুরীসহ মোট ২২ (বাইশ) বছরের চাকুরির অভিজ্ঞতা;<br>(খ) স্টেনোগ্রাফার ও কম্পিউটার অপারেটর পদ হইতে পদোন্নতির ক্ষেত্রে মোট ২০ (বিশ) বছরের চাকুরির অভিজ্ঞতা। | (ক) নাজির, হিসাব রক্ষক এবং রেকর্ড কীপার পদ হইতে পদোন্নতির ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে ২ (দুই) বছরের চাকুরীসহ মোট ১৫ (পনেরো) বছরের চাকুরির অভিজ্ঞতা;<br>(খ) স্টেনোগ্রাফার ও কম্পিউটার অপারেটর পদ হইতে পদোন্নতির ক্ষেত্রে মোট ১৫ (পনেরো) বছরের চাকুরির অভিজ্ঞতা। |

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
০১/০৭/২০২৬

(মোঃ মাসুম বিল্লাহ)

উপসচিব (প্রশাসন-১)

ফোন : ৫৫১০০৮৮৬

নম্বর : ১০.০০.০০০০.১২৮.২২.০০৫.২৫.২৯৭/১(৫১)

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩৩  
০১ জুলাই ২০২৬

সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ, (সকল)।
৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল)।
৪. মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. গার্ড ফাইল/অফিস কপি।

  
০১/০৭/২০২৬

(মুহাম্মদ আশেকুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ২২৩৩৫৭৪১৬

E-mail : section4@lawjusticediv.gov.bd